গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পুলিশ সুপারের কার্যালয়,
কিশোরগঞ্জ

স্মারক নং- ২২৬৬/হ তারিখ: ১৪/০৮/২০২৬খ্রিঃ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

পুলিশ সুপারের কার্যালয়, কিশোরগঞ্জ রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত পদ সমূহের সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত কিশোরগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে অনলাইনে (https://policekishoreganj.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>(১৬ তম গ্রেড)<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/- | ০২ (দুই) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ সহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরিক্ষায় উত্তীর্ণ<br>(খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতি মিনিটে ইংরেজিতে সর্বনিম্ন-২০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন-২০ শব্দ। |

**২। আবেদন ফর্ম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

ক. সকল পদের প্রার্থীর ক্ষেত্রেই ০১/০৮/২০২৬খ্রি. তারিখে বয়স সীমা ১৮-৩২ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ. আবেদনকারীকে তার অর্জিত সঠিক (সর্বশেষ) শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীকালে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোনো বৈধ সুযোগ-সুবিধা দাবি করলে তা গ্রহণযোগ্য হবে না।

গ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্তপূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Status-এ স্ব স্ব Option Select করতে হবে। অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি (NOC) পত্রের মূল কপি জমা দিতে হবে।

ঘ. চাকরির আবেদন ফর্মে (Applicant's Copy) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতাসহ সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় নির্বাচিত হলে চাকরির আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না।

ঙ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীকালে এ-সংক্রান্ত বিধি-বিধান সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

চ. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ছ. মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্র এবং সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। এছাড়া, পূরণকৃত Application Form-সহ জাতীয় পরিচয়পত্র এবং সকল সনদপত্রের সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে।

জ. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তি সংশোধন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

ঝ. নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**৩। আবেদন পত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ https://policekishoreganj.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমা দান শুরুর তারিখ ও সময়: ২০/০৮/২০২৬খ্রি. সকাল ১০:০০টা।

ii Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৭/০৯/২০২৬খ্রি. বিকাল ৪:০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থীতার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

CS CamScanner

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে-কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy-তে যদি কোনো ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণকালো/সম্পূর্ণসাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে, তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/
পরিবর্ধনের সুযোগ থাকবে না। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's copy-তে প্রার্থীর সদ্য তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর রয়েছে মর্মে নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোড পূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে-কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে প্রত্যেক প্রার্থীর জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জবাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বারো) টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা ৭২ ঘণ্টার মধ্যে জমা দিতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশপূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS** PKISP.<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PKISP. ABCDEF

Reply: Applicant's Name, 112 or 56 Tk will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type PKISP <Space>Yes<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** PKISP.<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: PKISP. YES 12345678
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for PKISP. Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxxx)

**৪. প্রার্থীর যোগ্যতা যাচাই:**

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য। জাল কাগজপত্র প্রদর্শন করলে পরীক্ষায় উত্তীর্ণ যে-কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত সনদ/প্রমাণপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্র সহ);

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক, পৌরসভা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(গ) কোটা দাবির সমর্থনে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;

(ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ প্রশাসক, পৌরসভা অথবা নবম গ্রেড এবং তদূর্ধ্ব গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(ঙ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)-এর সত্যায়িত অনুলিপি;

(চ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy); এবং

ছ. প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি **https://policekishoreganj.teletalk.com.bd** এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

জ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীকালে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিতে হবে। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

ঝ. টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং

CamScanner

Password পুনরুদ্ধার করতে পারবেন:

(a) User ID জানা থাকলে

**<u>PKISP.</u>**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.

Example: **<u>PKISP</u>** Help USER ABCDEF & Send to 16222.

(b) PIN Number জানা থাকলেঃ

**<u>PKISP.</u>**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.

Example: **<u>PKISP</u> Help PIN 12345678** & send to 16222.

ঞ. পত্রিকা ছাড়াও কিশোরগঞ্জ জেলা পুলিশের ওয়েবসাইট police.kishoreganj.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। এছাড়া, টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

ট. অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে 121 নম্বরে ফোন করে তথ্য জানা যাবে অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া, টেলিটকের জব পোর্টাল- এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobs.bd teletalk এ মেসেজ-এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ-এর Subject-এ Organization Name: WA, Post Name: • Applicant's User ID Contact Number উল্লেখ করতে হবে)।

৫. এ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন যে-কোনো বিষয়ে বাংলাদেশ পুলিশ অধিদপ্তর কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৮.০৮.২৬

(মোহাম্মদ মিজানুর রহমান)
বিপি-৭৭০৬১১৯৭৯০
পুলিশ সুপার, কিশোরগঞ্জ।
ফোন:০২৯৯৭৭৬১১৫৪, ফ্যাক্স: ০২৯৯৭৭৬১৪৯৯
E-mail: spkishoregonj@police.gov.bd

কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত সচিব (পুলিশ) স্বরাষ্ট্র মন্ত্রনালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (পুলিশ-১ অধিশাখা) স্বরাষ্ট্র মন্ত্রনালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৪। ডিআইজি ঢাকা রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৫। অ্যাডিশনাল ডিআইজি (রিক্রুটমেন্ট অ্যান্ড ক্যারিয়ার প্ল্যানিং-১) বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৬। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৭। পুলিশ সুপার, গাজীপুর/নরসিংদী/নারায়নগঞ্জ/ঢাকা/মুন্সিগঞ্জ/মানিকগঞ্জ/টাঙ্গাইল/মাদারীপুর/গোপালগঞ্জ/শরীয়তপুর/রাজবাড়ী/ফরিদপুর জেলা।
৮। সিভিল সার্জন, কিশোরগঞ্জ।
৯। প্রশাসক, কিশোরগঞ্জ পৌরসভা, কিশোরগঞ্জ।
১০। জেলা তথ্য অফিসার, কিশোরগঞ্জ।
১১। মেডিকেল অফিসার, পুলিশ হাসপাতাল, কিশোরগঞ্জ।
১২। ডিআইও-১ জেলা বিশেষ শাখা, কিশোরগঞ্জ।
১৩। অফিসার ইনচার্জ, সদর/হোসেনপুর/পাকুন্দিয়া/কটিয়াদী/বাজিতপুর/কুলিয়ারচর/ভৈরব/করিমগঞ্জ/ তাড়াইল/অষ্টগ্রাম/মিঠামইন/নিকলী/ইটনা থানা।
১৪। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার.....দৈনিক [illegible]......উক্ত বিজ্ঞাপনটি ১৯/০৮/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে উপযুক্ত সাইজে পত্রিকার ভিতরের পাতায় ০১ (এক) দিনের জন্য তার বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশ করে পত্রিকার ০৩ (তিন) কপি পুলিশ সুপারের কার্যালয় কিশোরগঞ্জ বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং নং-৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং-১৭, গুলশান-১ ঢাকা-১২১২ (তাকে উল্লিখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ কারর জন্য অনুরোধ করা হলো);
১৬। নোটিশ বোর্ড/অফিস কপি।

CamScanner